ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা।
www.dncc.gov.bd

**বিষয়: ডিএনসিসির অধীন সাততলা, কড়াইল ও ভাসানটেক বস্তির বাসিন্দাদের বিভিন্ন ন্যায্য নাগরিক সুবিধা প্রদানের লক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ শফিকুল ইসলাম খান, প্রশাসক, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |
| তারিখ | : | ২০ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ ।। ০৩ মে ২০২৬ |
| সময় | : | সকাল ৯.০০ ঘটিকায়। |
| স্থান | : | সভা কক্ষ, ৮ম তলা, নগর ভবন, গুলশান-২, ঢাকা-১২১২। |

সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট **"ক"**

সভার শুরুতে সভাপতি উপস্থিত কর্মকর্তাদের শুভেচ্ছা জানান। তিনি উল্লেখ করেন যে, ডিএনসিসির অধীন সাততলা, কড়াইল ও ভাসানটেক বস্তিতে বসবাসকারী মানুষের জীবনমান উন্নয়ন এবং তাদের জন্য নিরাপদ ও সুপরিকল্পিত আবাসন নিশ্চিত করা অত্যন্ত জরুরি হয়ে উঠেছে। তিনি আরও বলেন, দীর্ঘদিন ধরে এসব এলাকার বাসিন্দারা প্রয়োজনীয় নাগরিক সুবিধা থেকে বঞ্চিত, যা একটি আধুনিক নগর ব্যবস্থার সাথে সঙ্গতিপূর্ণ নয়। সভায় বস্তিবাসীদের জন্য মানবিক ও বাসযোগ্য পরিবেশ নিশ্চিত করতে সঠিক তথ্যভিত্তিক তালিকা প্রণয়ন ও পরিকল্পিত আবাসন গড়ে তোলার উপর গুরুত্বারোপ করা হয়।

বস্তিগুলোর প্রকৃত বাসিন্দা শনাক্ত করতে জাতীয় পরিচয়পত্রের ভিত্তিতে হালনাগাদ তালিকা তৈরির প্রয়োজনীয়তা উল্লেখ করা হয়। জমির মালিকানা, দখল ও আইনগত অবস্থান পরিষ্কার করা উন্নয়ন কার্যক্রমের জন্য জরুরি বলে মতামত দেওয়া হয়। এছাড়া পানি, বিদ্যুৎ, শিক্ষা, স্বাস্থ্যসহ সকল নাগরিক সুবিধা নিশ্চিত করে বহুতল ভিত্তিক সমন্বিত আবাসন মাস্টার প্ল্যান তৈরির ওপর গুরুত্ব দেওয়া হয়। সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়

| | | |
|---|---|---|
| **আলোচ্যসূচি-০১** | : | জাতীয় পরিচয়পত্রের ভিত্তিতে সাততলা, কড়াইল ও ভাসানটেক বস্তিতে বসবাসরত বাসিন্দাদের একটি বৈধ ও হালনাগাদ তালিকা প্রণয়ন সংক্রান্ত। |
| আলোচনা | : | সভায় প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা জানান যে, দুঃস্থ স্বাস্থ্য কেন্দ্র (ডিএসকে) এর মাধ্যমে সাততলা, কড়াইল ও ভাসানটেক বস্তিতে বসবাসরত বাসিন্দাদের একটি বৈধ ও হালনাগাদ তালিকা প্রণয়নের কাজ চলমান রয়েছে। এ পর্যন্ত কড়াইল বস্তিতে ২,৭৭৭টি, সাততলা বস্তিতে ৬৮০ টি এবং ভাসানটেক বস্তিতে ৫৯৫ টি পরিবারের হালনাগাদ তালিকা প্রস্তুত করা হয়েছে। কার্যক্রম চলমান রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। আলোচনান্তে আগামী ৪ কর্মদিবসের মধ্যে প্রয়োজনে অধিক জনবল |

| | | |
|---|---|---|
| | | কাজে লাগিয়ে একটি বৈধ ও হালনাগাদ তালিকা প্রণয়ন এর বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন। |
| সিদ্ধান্ত-০১ | : | সভায় আগামী ৪ কর্মদিবসের মধ্যে অধিক জনবল কাজে লাগিয়ে সাততলা, কড়াইল ও ভাসানটেক বস্তিতে বসবাসরত বাসিন্দাদের একটি বৈধ ও হালনাগাদ তালিকা প্রণয়ন এর বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| **আলোচ্যসূচি-০২** | : | সাততলা, কড়াইল ও ভাসানটেক বস্তির জমির মালিকানা সংক্রান্ত সকল কাগজপত্র সংগ্রহ ও যাচাই-বাছাই সংক্রান্ত। |
| আলোচনা | : | সভায় জানানো হয় যে, সিটি জরিপ ও এ সংক্রান্ত খতিয়ান পরীক্ষান্তে দেখা যায় যে, সাততলা বস্তির মালিকানায় রয়েছে বাংলাদেশ সরকারের পক্ষে স্বাস্থ্য মন্ত্রণালয়, বক্ষব্যাধী ইন্সষ্টিটিউট হাসপাতাল, মহাখালী, ঢাকা।<br><br>কড়াইল বস্তির মালিকায় রয়েছে বাংলাদেশ সরকারের পক্ষে তার ও টেলিফোন বিভাগ, ডাক ও তার বিভাগ এবং রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ এবং কিছু অংশ ব্যক্তি মালিকানাধীন।<br><br>ভাষানটেক বস্তির মালিকানায় রয়েছে বাংলাদেশ সরকারের পক্ষে পূর্ত ও নগর উন্নয়ন বিভাগ, গৃহায়ন ও গণপূর্ত বিভাগ, প্রতিরক্ষা মন্ত্রণালয়, জেলা প্রশাসক, ঢাকা। আলোচ্য মালিকানার বিষয়ে বিস্তারিত আলোচ্য হয়েছে। বিস্তারিত আলোচনান্তে মালিকানা সংক্রান্ত কোন মামলা চলমান রয়েছে কিনা তা খতিয়ে দেখা এবং বিশেষ করে সিটি জরিপে ব্যক্তি মালিকানার বিষয়টি কিভাবে অন্তর্ভূক্ত হলো তা অধিকতর যাচাইয়ের বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন। |
| সিদ্ধান্ত-০২ | : | সভায় সাততলা, কড়াইল ও ভাসানটেক বস্তির জমির আলোচ্য মালিকানা সংক্রান্ত কোন মামলা চলমান রয়েছে কিনা তা খতিয়ে দেখা এবং বিশেষ করে সিটি জরিপে ব্যক্তি মালিকানার বিষয়টি কিভাবে অন্তর্ভূক্ত হলো তা অধিকতর যাচাই করে পরবর্তী সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | প্রধান সম্পত্তি কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| আলোচ্যসূচি-০৩ | : | সাততলা, কড়াইল ও ভাসানটেক বস্তির জমির মালিকানায় থাকা সকল পক্ষের উপস্থিত থাকা সংক্রান্ত। |
| আলোচনা | : | সভায় জানানো হয় যে, ভবিষ্যতে মালিকানা সংক্রান্ত জটিলতা নিরশনের জন্য সাততলা, কড়াইল ও ভাসানটেক বস্তির জমির মালিকানায় থাকা সকল পক্ষ যেমন- স্বাস্থ্য মন্ত্রণালয়, বক্ষব্যাধী ইন্সটিটিউট হাসপাতাল, মহাখালী, তার ও টেলিফোন বিভাগ, ডাক ও তার বিভাগ, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, পূর্ত ও নগর উন্নয়ন বিভাগ, গৃহায়ন ও গণপূর্ত বিভাগ, প্রতিরক্ষা মন্ত্রণালয়, জেলা প্রশাসক, ঢাকা এবং ব্যক্তি মালিক এর প্রতিনিধি সভায় উপস্থিত রাখার বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন। |
| সিদ্ধান্ত-০৩ | : | পরবর্তী সভায় সাততলা, কড়াইল ও ভাসানটেক বস্তির জমির মালিকানায় থাকা সকল পক্ষের প্রতিনিধিকে উপস্থিত থাকার জন্য পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| আলোচ্যসূচি-০৪ | : | ক্যান্টনমেন্ট বস্তিতে বসবাসরত বাসিন্দাদের একটি বৈধ ও হালনাগাদ তালিকা প্রণয়ন, মালিকানা যাচাই এবং নাগরিক সুবিধা প্রদানের জন্য মাস্টার প্ল্যান প্রস্তুত সংক্রান্ত। |
| আলোচনা | : | বিগত ২৮ এপ্রিল, ২০২৬ তারিখ বেলা-১২.০০ ঘটিকায় বাংলাদেশ সচিবালয়ের ০১ নং ভবনের কক্ষ নম্বর-৫০০, লেভেল-৫ এ মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্য সচিব এঁর সভাপতিত্বে অনুষ্ঠিত গুলশান লেক আবর্জনামুক্তকরণ বিষয়ে আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত-৮ এ কড়াইল, ভাসানটেক, সাততলা ও ক্যান্টনমেন্ট বস্তি এলাকায় আধুনিক বাসস্থান নির্মাণে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত রয়েছে। সে মতে সাততলা, কড়াইল, ভাসানটেক বস্তির পাশাপাশি ক্যান্টনমেন্ট বস্তিতে বসবাসরত বাসিন্দাদের একটি বৈধ ও হালনাগাদ তালিকা প্রণয়ন, মালিকানা যাচাই এবং নাগরিক সুবিধা প্রদানের জন্য মাস্টার প্ল্যান করার জন্য সকল সদস্য একমত পোষণ করেন। |
| সিদ্ধান্ত-০৪ | : | সভায় সাততলা, কড়াইল,ভাসানটেক বস্তির পাশাপাশি ক্যান্টনমেন্ট বস্তিতে বসবাসরত বাসিন্দাদের একটি বৈধ ও হালনাগাদ তালিকা প্রণয়ন, মালিকানা যাচাই এবং নাগরিক সুবিধা প্রদানের জন্য মাস্টার প্ল্যান করার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | প্রধান প্রকৌশলী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।<br>প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।<br>প্রধান সম্পত্তি কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৪।০৫।২৫

মোঃ শফিকুল ইসলাম খান
প্রশাসক
ও
সভাপতি
সাততলা, কড়াইল ও ভাসানটেক বস্তির বাসিন্দাদের
ন্যায্য সুবিধা প্রদান সংক্রান্ত সভা
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

নং: ৪৬.১০.০০০০.০০৬.৯৯.০০২.২০২৬-৩৭২ তারিখ : ০৪/০৫/২০২৬

বিতরণ কার্যার্থে:

................................................

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান,----------- ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
২. সংশ্লিষ্ট আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা--------------, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩. প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৪. সিস্টেম এনালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন সভার কার্যবিবরণীটি (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৫. ------------------------------------------------------------
৬. অফিস কপি।